

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩১.১১.০০১.১৮(অংশ-২)-

তারিখ: ১০/৬/২০২৩ খ্রি.

বিষয়: খাদ্য অধিদপ্তরের ১৩-২০ গ্রেডে (পূর্বের ৩য় ও ৪র্থ শ্রেণি) নিয়োগের নিমিত্ত সাময়িকভাবে নির্বাচিতদের স্বাস্থ্য পরীক্ষা ও মাদকাসক্তি বিষয়ক সনদ (ডোপ টেস্ট) এবং প্রাক-চাকরি বৃত্তান্ত ফরম (পুলিশ ভেরিফিকেশন ফরম)

সূত্র: (০১) প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তরের পত্র নং ১৩.০১.০০০০.০৩১.১১.০০১.১৮(অংশ-২)-৫৩৯, তারিখ: ০৫/০৬/২০২৩ খ্রি.

(০২) প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তরের পত্র নং ১৩.০১.০০০০.০৩১.১১.০০১.১৮(অংশ-২)-৫৫০, তারিখ: ০৮/০৬/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরের ১৩-২০ গ্রেডে শূন্যপদে নিয়োগের নিমিত্ত সূত্রস্থ ০১ নম্বর স্মারকে বিজ্ঞপ্তির মাধ্যমে সাময়িকভাবে নির্বাচিতদের ফলাফল প্রকাশ করা হয়েছে। ফলাফল বিজ্ঞপ্তির ৪ ও ৫নং শর্তানুযায়ী নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা ও মাদকাসক্তি বিষয়ক পরীক্ষা (ডোপ টেস্ট) করার নিমিত্ত জেলা সিভিল সার্জনকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সূত্রস্থ ০২ নম্বর স্মারকে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা বরাবর পত্র দেওয়া হয়েছে।

এক্ষণে, খাদ্য অধিদপ্তরের ১৩-২০ গ্রেডে শূন্যপদে নিয়োগের নিমিত্ত সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার অথবা সংশ্লিষ্ট জেলা সিভিল সার্জন কার্যালয়ে উপস্থিত হয়ে স্বাস্থ্য পরীক্ষা ও মাদকাসক্তি বিষয়ক পরীক্ষা (ডোপ টেস্ট) করানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে সূত্রস্থ ০১ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের ৩নং শর্তানুযায়ী প্রার্থীদের “প্রাক-চাকরি বৃত্তান্ত ফরম” (পুলিশ ভেরিফিকেশন ফরম) পূরণপূর্বক দাখিলের নিমিত্ত “প্রাক-চাকরি বৃত্তান্ত ফরম” (পুলিশ ভেরিফিকেশন ফরম) খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইট-এ (www.dgfood.gov.bd) পাওয়া যাচ্ছে। “প্রাক-চাকরি বৃত্তান্ত ফরম” (পুলিশ ভেরিফিকেশন ফরম) ডাউনলোড ও পূরণ করে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি সত্যায়িত ছবিসহ আগামী ২২/০৬/২০২৩ খ্রি. তারিখের মধ্যে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর বরাবর দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জনাব

স্বাক্ষর:
মামুন আল মোর্শেদ চৌধুরী
উপ-পরিচালক (সংস্থাপন)
ফোন-০২-৪১০৫০৭২৩
ইমেইল: dd.est@dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩১.১১.০০১.১৮(অংশ-২)- ৫৫১ (২৩০)

তারিখ: ০৮/০৬/২০২৩ খ্রি.

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১ সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২ সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩ মহাপরিচালক (গ্রেড-১, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ০৪ পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ০৫ মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৬ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
- ০৭ সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ০৮ জেলা সিভিল সার্জন,.....
- ০৯ জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),.....

স্বাক্ষর:
মামুন আল মোর্শেদ চৌধুরী
উপ-পরিচালক (সংস্থাপন)
ফোন-০২-৪১০৫০৭২৩